# এইচ এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বিষয় ঃ মনোবিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড | ১ | ২ | ৪ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৫০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ নিচের ৮টি প্রশ্ন থেকে সর্বমোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। ১ এবং ৮ নং প্রশ্নের উত্তর দেয়া বাধ্যতামূলক। 'ক' ও 'খ' প্রতি গুচ্ছ থেকে কমপক্ষে ১টি করে মোট ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে। ]

১.▶ লিনুর বয়স ১০ বছর, ৬ মাস। সে ১০ বছরের উপযোগী কোনো প্রশ্নেরই উত্তর দিতে পারে না। তবে ৯ বছরের উপযোগী ২টি, ৮ বছরের উপযোগী ৩টি, ৬ বছরের উপযোগী ৫টি এবং ৫ বছরের উপযোগী সব প্রশ্নের সঠিক উত্তর দিতে পারে।

ক. বুদ্ধি কী? ১
খ. কার্যসম্পাদনমূলক অভীক্ষার প্রয়োজন কেন? ২
গ. লিনুর বুদ্ধ্যাংক নির্ণয় করো। ৩
ঘ. লিনুর প্রতি করণীয় কী হতে পারে বিশ্লেষণ করো। ৪

২.▶ বীথি ও রীমা দুই বান্ধবী। তারা দ্বাদশ শ্রেণিতে পড়ে। দ্বাদশ শ্রেণির ১ম সেমিস্টারে বীথির প্রাপ্ত নম্বরগুলো হচ্ছে ৮৫, ৭০, ৮১, ৭৪, ৬৯, ৬৫, ৮২। আর রিমার প্রাপ্ত নম্বরগুলো হচ্ছে ৭৮, ৭৫, ৬৩, ৮৪, ৬০, ৭১।

ক. গড় বিচ্যুতি কাকে বলে? ১
খ. অনুমাননির্ভর পরিসংখ্যান বলতে কী বোঝায়? ২
গ. বীথির প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চতুর্থাংশীয় বিচ্যুতি নির্ণয় করো। ৩
ঘ. রিমার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভেদাংক নির্ণয় করো। ৪

### ক গুচ্ছ

৩.▶ মনোবিজ্ঞানী সীমা এবং মাহীর ব্যক্তিত্ব পরিমাপের জন্য এমন এক ধরনের অভীক্ষা প্রয়োগ করলেন, যেখানে কতগুলো কার্ডে কালির ছাপ ছিল। ছাপগুলো দেখে তাদের কী মনে হয় জিজ্ঞেস করা হয়েছিল। তারপর সীমাকে অন্তর্মুখী এবং মাহীকে বহির্মুখী ব্যক্তিত্বের অধিকারী বলে আখ্যায়িত করেন।

ক. ব্যক্তিত্ব কী? ১
খ. পরিস্থিতিমূলক অভীক্ষা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সীমা ও মাহীর ব্যক্তিত্ব পরিমাপের জন্য ব্যবহৃত অভীক্ষাটির বর্ণনা দাও। ৩
ঘ. সীমা এবং মাহীর ব্যক্তিত্বের মধ্যে পার্থক্য নির্ণয় করো। ৪

৪.▶ নাসির সাহেব ঢাকায় একটি প্রতিষ্ঠানে চাকরি করেন। তার বাড়ি চট্টগ্রামে। হঠাৎ একদিন বাড়ি থেকে তার মায়ের অসুস্থতার খবর আসে। নাসির সাহেব বাড়ি যাবার জন্য খুব উদগ্রীব হয়ে উঠলেন। কিন্তু কিছুতেই বাস বা ট্রেনের টিকেট পেলেন না। নাসির সাহেবের এ অবস্থা শুনে তার এক প্রতিবেশী তাকে ট্রেনের একটি টিকেটের ব্যবস্থা করে দিলেন। এতে ওই প্রতিবেশীর প্রতি নাসির সাহেবের ইতিবাচক মনোভাব গড়ে ওঠে।

ক. পূর্ব সংস্কার কী? ১
খ. মনোভাবের অবহিতিমূলক উপাদান বলতে কী বোঝায়? ২
গ. প্রতিবেশীর প্রতি নাসির সাহেবের ইতিবাচক মনোভাব গঠনে কোন উপাদান কাজ করেছে আলোচনা করো। ৩
ঘ. নাসির সাহেবের মনোভাব গঠনে যে উপাদান কাজ করেছে সেটি ছাড়া ব্যক্তির মনোভাব গঠনের অন্যান্য উপাদানগুলো আলোচনা করো। ৪

http://teachingbd.com

৫.▶ ফরহাদ একটি সুখী পরিবারের সন্তান। সৌভাগ্যক্রমে সে ভালো শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করেছে। বন্ধুমহলও বেশ ভালো ছিল। বাবা-মা বড় ব্যক্তিদের সাথে মেশার সুযোগ করে দিয়েছেন। আবার মহৎ ব্যক্তিদের জীবনীও পড়েছে। ভালো কাজ করলে বাবা-মা পুরস্কৃত করেছে। বাবা-মা, শিক্ষক যা বলেছে তা শোনার চেষ্টা করেছে। এভাবে ফরহাদ একদিন প্রকৃত সামাজিক মানুষ হিসেবে প্রতিষ্ঠিত হতে পেরেছে।

ক. প্রথা বিরোধিতা কী? ১

খ. আগ্রাসন বলতে কী বোঝায়? ২

গ. ফরহাদের জীবনে সামাজিকীকরণের যে মাধ্যমগুলো ভূমিকা পালন করেছে সেগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. সামাজিকীকরণের একটি না, একাধিক প্রক্রিয়ার মাধ্যমে ফরহাদ প্রকৃত সামাজিক মানুষ হিসেবে প্রতিষ্ঠিত হতে পেরেছে- মতামত বিশ্লেষণ করো। ৪

## খ গুচ্ছ

৬.▶ সুজন ও সোহাগ ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এক বছর আগে এমএসসি পাস করেছে। বিভিন্ন প্রতিষ্ঠানে তারা চাকরির জন্য আবেদন করেও হচ্ছিল না। হঠাৎ সোহাগের দুটি বেসরকারি ব্যাংক থেকে চাকরির প্রস্তাব এসেছে। উভয় চাকরির বেতন ভালো। চাকরির স্থল ঢাকায়।

সুজনের একটি সরকারি চাকরি হয়েছে। পদমর্যাদা ভালো, বাসস্থান, গাড়ি ও অন্যান্য সুবিধা দেয়া হবে। কিন্তু চাকরির স্থল হলো খাগড়াছড়ির দুর্গম এলাকায়। বেতনও কম।

সুতরাং দুজনেই মানসিক চাপে আছে।

ক. মানসিক চাপ কী? ১

খ. কর্মভার বলতে কী বোঝায়? ২

গ. সোহাগের মধ্যে কোন ধরনের মানসিক চাপ বিদ্যমান তা ব্যাখ্যা করো। ৩

ঘ. সোহাগ ও সুজনের মানসিক অবস্থার ধরন একই না ভিন্ন তা যুক্তি দিয়ে ব্যাখ্যা করো। ৪

৭.▶ রায়হান সাহেব একজন সাধারণ চাকরিজীবী, সৎ এবং ধর্মপরায়ণ, আর্থিক অনটনের মধ্য থেকেও সন্তানরা ভালো পড়াশোনা করেছে। কারণ বড় সন্তানের ইচ্ছা ছিল বড় হয়ে সে ধনী হবে। বাবা-মায়ের কষ্ট দূর করবে। আর ছোট সন্তানের ইচ্ছা ছিল বড় হয়ে মানুষের সেবা করবে। সত্যিই আজ তাদের আশা পূরণ হয়েছে। বড় সন্তান ব্যবসা-বাণিজ্য করে গাড়ি, বাড়ি করেছে। আবার এলাকার কাউন্সিলর আর ছোট ছেলে চিকিৎসক হয়ে সপ্তাহে ১ দিন নিজ গ্রামে যেয়ে গরিব মানুষদের বিনা অর্থে চিকিৎসা করেন এবং অন্য খবরাখবর জেনে সাহায্য করেন। বাবার মতো তারা আবার ধর্মপরায়ণও।

ক. মূল্যবোধ কী? ১

খ. সৌন্দর্য মূল্যবোধ বলতে কী বোঝায়? ২

গ. রায়হান সাহেবের বড় ছেলের মূল্যবোধ সম্পর্কে আলোচনা করো। ৩

ঘ. রায়হান সাহেবের দুই ছেলের মূল্যবোধ এক না ভিন্ন বিশ্লেষণ করো। ৪

৮.▶ সামাদ সাহেব একজন বিজ্ঞানী। তিনি একটি ঔষধ কোম্পানিতে গবেষণা কর্মকর্তা হিসেবে কাজ করেন। তিনি তার প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্যের গুণগত মান যাচাই করার সময় নিয়ন্ত্রিত ও কৃত্রিম পরিবেশে গবেষণা করেন।

ক. সমস্যা কী? ১

খ. চলের নিয়ন্ত্রণ বলতে কী বোঝায়? ২

গ. সামাদ সাহেব কোন পদ্ধতির মাধ্যমে গবেষণা করেন তা আলোচনা করো। ৩

ঘ. সামাদ সাহেবের ব্যবহৃত পদ্ধতির বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করো। ৪

teachingbd.com

মনোবিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড : ১ ২ ৪

সময় — ২৫ মিনিট

বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. আন্তঃব্যক্তিক আকর্ষণের মূল বিষয় কোনটি?
ক চেহারা খ নৈকট্য
গ স্নেহ ও ভালবাসা ঘ দেহের গড়ন

২. স্কুল-কলেজে ভর্তির জন্য কোন অভীক্ষাটি প্রযোজ্য?
ক AGCT খ AFQT
গ OTIS ঘ SAT

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও:
জেনি ছিপছিপে লম্বা, হালকা-পাতলা গড়নের।

৩. শেলডনের মতবাদ অনুযায়ী জেনিকে কী বলা হয়?
ক এন্ডোমরফিক খ একটোমরফিক
গ মেসোমরফিক ঘ অ্যাথলেটিকস

৪. জেনির মানসিক বৈশিষ্ট্য হচ্ছে—
i. আত্মকেন্দ্রিক
ii. নির্জনতাপ্রিয়
iii. ভোজনবিলাসী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. "Cut your coat according to your cloth" উক্তিটি কোন মূল্যবোধের সাথে সম্পর্কিত?
ক সামাজিক খ তাত্ত্বিক
গ অর্থনৈতিক ঘ ধর্মীয়

৬. যৌন হয়রানি হতে পারে—
i. পুরুষ দ্বারা পুরুষ
ii. পুরুষ দ্বারা নারী
iii. নারী দ্বারা পুরুষ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও:
শিহাব নিগ্রোদের প্রতি তার এলাকায় অবস্থিত জনগণের মনোভাব জানতে আগ্রহী। এই উদ্দেশ্যে সে কিছু ইতিবাচক ও নেতিবাচক উক্তি সংগ্রহ করে তার এলাকার জনগণকে দেন। জনগণ উক্তিগুলোকে পাঁচ মাত্রার যে কোন একটিতে টিক চিহ্ন দিয়ে তাদের অভিমত প্রকাশ করেন।

৭. মনোভাব জানতে শিহাব কোন মানকের সাহায্য নেয়?
ক বোগার্ডাস খ লিকার্ট
গ থার্স্টোন ঘ নিউকম্ব

৮. শিহাবের ব্যবহৃত মানকের বৈশিষ্ট্য হলো—
i. সর্বোচ্চ সাফল্যাংক সবচেয়ে অনুকূল মনোভাব পোষণ করে
ii. সময় কম লাগে
iii. সহজতর, কার্যকর, বিজ্ঞানসম্মত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৯. দ্বন্দ্ব কত প্রকার?
ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬

১০. কোন চল পরীক্ষণ পাত্রের ওপর প্রয়োগ করা হয়?
ক অনির্ভরশীল খ নির্ভরশীল
গ মধ্যবর্তী ঘ বাহ্যিক

১১. কোন বণ্টনের সর্বোচ্চ স্কোর ৭৩ এবং সর্বনিম্ন স্কোর ৪১। এর পরিসর কত?
ক ৩২ খ ৩৪
গ ৪২ ঘ ৪৪

১২. মূল্যবোধের বৈশিষ্ট্য কোনটি?
ক জন্মগত খ অপেক্ষাকৃত স্থায়ী
গ অপরিবর্তনশীল ঘ সংখ্যায় অনেক

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও
Dictionary-তে ১টি শব্দের অর্থ খুঁজতে যেয়ে আশপাশের অনেক শব্দ আমাদের চোখে পড়ে এবং সেগুলো শেখা হয়ে যায়।

১৩. উদ্দীপকে সামাজিকীকরণের কোন প্রক্রিয়ার আভাস পাওয়া যায়?
ক করণ শিক্ষণ খ ভূমিকা শিক্ষণ
গ প্রাসঙ্গিক শিক্ষণ ঘ সরাসরি শিক্ষণ

Teachingbd.com
http://teachingbd.com

১৪ এ ধরনের শিক্ষণ সম্পন্ন হয়—

i. উদ্দেশ্যমূলক ভাবে

ii. ঘটনা ক্রমে

iii. আকস্মিকভাবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৫. বিচ্যুতির পরিমাপ কোনটি?

(ক) গড় (খ) মধ্যমা

(গ) প্রচুরক (ঘ) পরিসর

১৬. কোনটি সাক্ষাৎকার অভীক্ষা?

(ক) মৌখিক

(খ) ব্যবহারিক

(গ) সৃজনশীল

(ঘ) নৈর্বাচনিক

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:

জামান সাহেব চাকরিজীবি। তিনি দরজা-জানালা বন্ধ করে অফিসে যান। একদিন অফিস থেকে এসে দেখেন, তার বাসার ১টি জানালার গ্লাস ভাঙ্গা। তিনি ধারণা করলেন বাইরে থেকে হয়তো কেউ ঢিল ছুড়েছে তাই তার জানালার কাচ ভেঙ্গে গিয়েছে।

১৭. জামান সাহেব যে ধারণা করলেন তাকে কী বলে?

(ক) সমস্যা

(খ) প্রকল্প

(গ) চল (ঘ) নিয়ন্ত্রণ

১৮. জামান সাহেবের ধারণা ভালো হবে যদি তা হয়—

i. যৌক্তিক

ii. সুনির্দিষ্ট

iii. সত্য ঘটনাভিত্তিক

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. নিচের কোনটি সমান দূরত্ব বিশিষ্ট মানক?

(ক) লিকার্ট (খ) বোগার্ডাস

(গ) থার্স্টোন (ঘ) হাইডার

২০. পরীক্ষণ পদ্ধতির বৈশিষ্ট্য হলো—

i. অনিয়ন্ত্রিত পরিবেশ থাকে

ii. ইচ্ছানুযায়ী চল পরিবর্তন করা যায়

iii. ঘটনার পুনরাবৃত্তি করা যায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও:

রফিক, তমাল, বারি এবং আশিক চার বন্ধুই পড়াশোনায় বেশ ভালো। পড়াশোনার পাশাপাশি রফিক সংগীত চর্চা করে। তমাল পাঠ্যবইয়ের জ্ঞান দিয়ে বিভিন্ন প্রজেক্ট তৈরি করে, বারি খেলাধুলা করে আর আশিক ধর্ম চর্চা করে।

২১. উদ্দীপকে কার মধ্যে সৃজনশীল ক্ষমতা রয়েছে?

(ক) রফিকের (খ) তমালের

(গ) বারির (ঘ) আশিকের

২২. চার বন্ধুর বৈশিষ্ট্য হচ্ছে—

i. এরা গড় ছাত্র-ছাত্রীদের চেয়ে উন্নত

ii. ব্যক্তিগত সমস্যা সমাধান করার ক্ষমতা আছে

iii. সম্পাদিত কর্মকাণ্ডের অভিনবত্ব আছে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. বুদ্ধ্যঙ্কের সূত্রে ১০০ দ্বারা গুণ করা হয় কেন?

(ক) শতকরা হার বের করার জন্য

(খ) ভগ্নাংশ বাদ দেবার জন্য

(গ) বুদ্ধ্যঙ্কের মান বাড়ানোর জন্য

(ঘ) অনুপাত বের করার জন্য

২৪. সমাজে বাস করার জন্য মানুষকে সমাজের কতগুলো প্রচলিত রীতিনীতি মেনে চলতে হয়। এই রীতি নীতিকে কী বলে?

(ক) কৃষ্টি

(খ) প্রথা

(গ) কুসংস্কার

(ঘ) কর্মভার

২৫. Personality শব্দটি কোন শব্দ থেকে এসেছে?

(ক) Person (খ) Persone

(গ) Persona (ঘ) Personi

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | | | | | | | | | | |

Teachingbd.com

http://teachingbd.com